

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৪৬

আমবাসা, ২৬ জুন, ২০২৪

৭৫তম রাজ্যভিত্তিক বনমহোৎসবের উদ্বোধন

বনভূমি ও বনজ সম্পদ আমাদের রক্ষা করতে হবে : বনমন্ত্রী

মানুষ বনভূমি সৃষ্টি করতে পারে না। প্রকৃতি নিজেই বনভূমি সৃষ্টি করেছে। বনভূমি ও বনজ সম্পদ আমাদের রক্ষা করতে হবে। আজ আমবাসার কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে ৭৫তম রাজ্যভিত্তিক বনমহোৎসবের উদ্বোধন করে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক চিন্তারঞ্জন দেববর্মা, বিধায়ক মনোজ কান্তি দেব, বিধায়ক পল দাংশ্ব, বিধায়ক স্বপ্না দাস পাল, বিধায়ক নন্দিতা দেববর্মা রিয়াৎ এবং বন দপ্তরের পদস্থ আধিকারিকগণ।

বনমহোৎসবের উদ্বোধন করে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা আরও বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য বনভূমি এবং বনজ সম্পদ রক্ষা করা প্রতিটি নাগরিকের দায়িত্ব। তিনি বলেন, বিভিন্ন কারণেই বনভূমি ধ্বংস হচ্ছে। তাই নতুন করে গাছ লাগাতে হবে। আগামী ৫ জুলাই সারা রাজ্যে বৃক্ষরোপণের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এদিন সারা রাজ্যে ৫ লক্ষ গাছের চারা লাগানো হবে। বনমন্ত্রী বলেন, বনভূমি ধ্বংস ও বনজ সম্পদ পাচারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে। এই কাজে সাধারণ জনগণকেও এগিয়ে আসতে হবে। তিনি বলেন, বন দপ্তর বনভূমিকে কেন্দ্র করে জীবন জীবিকার উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রধান মুখ্য বন সংরক্ষক ড. কে শশীকুমার। তিনি বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষায় ১৯৫০ সাল থেকে আমাদের দেশে বনমহোৎসবের আয়োজন করা হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে মনোজ্জ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও স্থানীয় শিল্পীগণ অংশ নেন। অনুষ্ঠানে ৭৫তম রাজ্যভিত্তিক বনমহোৎসব উপলক্ষে বন দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন গাছের চারা বিতরণ করা হয়।
